বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

অতিব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd

স্মারকনং-৩৫.০৩.০০০০.০০২.৫৮.০১১.২০-৪২৫ তারিখঃ ৩১-১০-২০২১খ্রিঃ।

জরুরি বিজ্ঞপ্তি

০২ নভেম্বর ২০২১ তারিখে ০৪টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত।

০২ নভেম্বর ২০২১ তারিখে ০৪টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে (কপি সংযুক্ত)। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০১ নভেম্বর ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০২ নভেম্বর ২০২১ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

(১) ট্রাক (২) পিক আপ

০২। সে সাথে ৩১ অক্টোবর ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৩ নভেম্বরর ২০২১ তারিখ সকাল ৬:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয় পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয় পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

(মোঃ হেমায়েত উদ্দিন)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন: ৫৫০৪০৭২১

C:\Users\Hp\Box Sync\Marnuj\নির্বাচন\সিটি কর্পোরেশন নির্বাচন.ফড়প

অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৪৯৪

তারিখঃ ২৬-১০-২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

০২ নভেম্বর ২০২১ তারিখে ০৪টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে (কপি সংযুক্ত)। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০১ নভেম্বর ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০২ নভেম্বর ২০২১ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবেঃ

(১) ট্রাক (২) পিক আপ

০২। সে সাথে ৩১ অক্টোবর ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৩ নভেম্বর ২০২১ তারিখ সকাল ৬:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক'কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ডায়েরী নং ঃ ২১৬৯
তারিখ ঃ ৩১/১০/২০২১
উপ-পরিচালক (এনফোর্স / আরএস / ম্যাজিস্ট্রেট (১/২)/ এডিএ।
পরিচালক (এনফোর্সমেন্ট)

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৬/১০/২০২১
(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

(অপর পাতায় দ্রষ্টব্য)

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৪৯৪/১(৩৪) তারিখঃ ২৬-১০-২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০২. সিনিয়র সচিব, ...(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৪. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
০৫. সচিব ....(সকল) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৬. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (এর সাথে তাঁর ১৯-১০-২০২১ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৬.২১-৩৮১ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)
০৭. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা
০৮. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা (এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৯. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, খুলনা/সিলেট
১১. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা
১২. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ...(সংশ্লিষ্ট)
১৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, ...(সংশ্লিষ্ট)
১৪. জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সুনামগঞ্জ
১৫. পুলিশ সুপার, খুলনা/বাগেরহাট/সুনামগঞ্জ
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা/বাগেরহাট/সুনামগঞ্জ
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০(তিনশত) কপি জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, খুলনা/বাগেরহাট/সুনামগঞ্জ
২০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...(সংশ্লিষ্ট)
২২. জেলা তথ্য অফিসার, খুলনা/বাগেরহাট/সুনামগঞ্জ
২৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২১-৩৪৬

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ভোটগ্রহণের পূর্বে চেয়ারম্যান পদে মনোনীত বৈধ প্রার্থীর মৃত্যু হওয়ায় ০৪ ০৫টি ইউনিয়ন পরিষদের আগামী ০২ নভেম্বর ২০২১ তারিখে সাধারণ নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২১-৮৬, তারিখ: ০৪ মার্চ ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রে উল্লিখিত ১ম ধাপে ঘোষিত তফসিলের মধ্যে ভোটগ্রহণের পূর্বে চেয়ারম্যান পদে মনোনীত বৈধ প্রার্থীর মৃত্যু হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে **আগামী ০২ নভেম্বর ২০২১ তারিখে** নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেনঃ

ক্রম	জেলা	উপজেলা	ইউনিয়ন
১.	খুলনা	পাইকগাছা	হরিঢালী
২.	বাগেরহাট	মোড়েলগঞ্জ	খাউলিয়া
৩.		রামপাল	রাজনগর
৪.	সুনামগঞ্জ	ছাতক	ভাতগাঁও

২। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** চেয়ারম্যান পদে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না এবং পূর্বে মনোনয়নপত্র দাখিলকারীগণকে নতুনভাবে মনোনয়নপত্র দাখিল/প্রত্যাহারের সুযোগ দেয়া যাবে। উক্ত ইউনিয়ন পরিষদসমূহের সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে পূর্বের মনোনয়ন বহাল থাকবে, উক্ত পদে বিদ্যমান প্রার্থীদের মধ্যেই নির্বাচন অনুষ্ঠিত হবে অর্থাৎ শুধুমাত্র চেয়ারম্যান পদে নতুনভাবে মনোনয়ন দাখিল করা যাবে।

৩। **অন্যান্য নির্দেশনাঃ** উল্লিখিত সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে :

(১) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(২) আইন, বিধি এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্রসমূহ ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে উল্লিখিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

৩০/৯/২০২১

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
e-mail: ecsemc2@gmail.com

বিতরণ: ১। জেলা প্রশাসক, -------------------------------(সংশ্লিষ্ট)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, -------(সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাহী অফিসার, ------------------------------(সংশ্লিষ্ট)
৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার, --------------------------(সংশ্লিষ্ট)
৫। ------------------------------------ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২১-৩৪৬

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা